

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩ জুলাই ২০২২ খ্রি.

স্কোয়াড্রন লিডার শাফায়াত সরওয়ারে নামে সড়কের নামফলক উন্মোচনকালে মেয়র

মুজিয়ুদ্ধসহ বিভিন্ন ক্ষেত্রে যারা অবদান রেখেছেন তাদের স্মরণীয় করে রাখার উদ্যোগ নিয়েছে চসিক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বাংলাদেশ বাহিনীর জহিরুল হক ঘাঁটি সংলগ্ন সড়কটি স্কোয়াড্রন লিডার মরহুম শাফায়াত সরওয়ারে নামে নামকরণ এবং ফলক উন্মোচন করেছেন। এ উপলক্ষে আয়োজিত ফলক উন্মোচন ও নামকরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের মুজিয়ুদ্ধে বিমানবাহিনীর গৌরবোজ্জ্বল ভূমিকা ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। ১৯৭১ সালে বিমান বাহিনীর চৌকস অফিসাররা জীবন বাজি রেখে যে অভিযান পরিচালনা করেছেন তার মধ্য দিয়ে মুজিয়ুদ্ধে বিজয়ের দ্বার উন্মোচিত হয়েছিল যা ইতিহাসে গৌরবের অধ্যায় হিসেবে সাক্ষ্য বহন করবে। তিনি আরো বলেন, স্কোয়াড্রন লিডার শাফায়েত সরওয়ার ছিলেন একজন চৌকস কর্মকর্তা। তিনি সাহস ও মেধা দিয়ে বিমান বাহিনীতে গৌরবোজ্জ্বল ভূমিকা রেখেছিলেন। কিন্তু দুর্ভাগ্যজনক পেশাগত দায়িত্ব পালনকালে এক মর্মান্তিক দুর্ঘটনায় তাকে প্রাণ দিতে হয়। এই ধরনের চৌকস অফিসারদের আত্মত্যাগের ফলে বাংলাদেশের বিমান বাহিনী আজ বিশেষ মর্যাদার আসনে আসীন হয়েছে। মেয়র আরো বলেন, এদেশের স্বাধীনতা সংগ্রাম ও মুজিয়ুদ্ধসহ বিভিন্ন ক্ষেত্রে যারা অবদান রেখেছেন তাদের স্মরণীয় করে রাখার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও স্থান তাদের নামে নামকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এবং নাম ফলকে তাদের কীর্তিগাঁথা লিপিবদ্ধ করে ভবিষ্যৎ প্রজন্মকে এই জাতির শ্রেষ্ঠ সন্তানদের অমরকীর্তি সম্পর্কে জানার দ্বার উন্মোচন করার ব্যবস্থা করা হয়েছে। তারই অংশ হিসেবে জহিরুল হক ঘাঁটির সনুখ সড়কটি এই সাহসী স্কোয়াড্রন লিডারের নামে নামকরণ করা হলো। উল্লেখ্য, স্কোয়াড্রন লিডার শাফায়েত সরওয়ার ২০১৫ সালের ২৫ শে মে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে হেলিকপ্টার দুর্ঘটনায় মর্মান্তিকভাবে প্রাণ হারান।

নামফলক উন্মোচনকালে উপস্থিত ছিলেন-বাংলাদেশ বিমান বাহিনী জহিরুল হক ঘাঁটির ইয়ার কমান্ডিং অফিসার এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ কামরুল ইসলাম বিএসপি, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর সালেহ আহমদ চৌধুরী, চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, মরহুমের পিতা সরওয়ার মোঃ শহিদ উল্লাহ ও মাতা কোহিনুর আক্তার প্রমুখ।

গ্র্যান্ড ঈদ এক্সিভিশন ২০২২ উদ্বোধনকালে মেয়র এক ছাদের নিচে কেনা কাটার নিশ্চিনতা প্রদান করবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, ঈদুল ফিতরের রেশ না কাটতেই কিছুদিন পরেই আসছে ত্যাগের মহিমায় উদ্ভাসিত ঈদুল আযহা। কোরবানীর ঈদে পশু জবাইয়ের পাশাপাশি সবার চাই নতুন জামা-কাপড় ও ঘর সাজানোর সরঞ্জামাদি। বাহিরে উচ্চ মাত্রার গরম ও খরতাপে ঈদের কেনাকাটা অনেকটা দুর্বিষহ মনে হওয়ার সাথে যানজট এবং ভিড়ের মধ্যে শপিং মলে গাদাগাদি করে শপিং করা কষ্টদায়কও বটে। আজ রবিবার বিকেলে পেনিনসুলা হোটেলের ডালিয়া হলে উদ্যোক্তা চট্টগ্রাম আয়োজিত দুদিন ব্যাপী গ্র্যান্ড ঈদ এক্সিভিশন ২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

উদ্যোক্তা চট্টগ্রামের প্রতিষ্ঠাতা সোনিয়া আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন-ওয়ার্ড কাউন্সিল গাজী মো. সফিউল আজিম ও সংরক্ষিত কাউন্সিলর ফেরদৌস বেগম মুন্সী, যুবনেত্রী জোহরা বেগম।

মেয়র আরো বলেন, উদ্যোক্তা চট্টগ্রাম সর্বসাধারণের স্বস্তির কেনাকাটার সুযোগ করে দেওয়ার লক্ষ্যেই এই আয়োজন। আমি তাদের এই উদ্যোগের সফলতা কামনা করি। এখানে অংশগ্রহণকারী উদ্যোক্তার মধ্যে বেশিরভাগই নারী উদ্যোক্তা। এই আয়োজন আরো নতুন নতুন নারী উদ্যোক্তাদের তুলে আনবে। এক ছাদের নিচে স্বয়ংসম্পূর্ণ কেনা কাটার নিশ্চিত করে সকলের প্রত্যাশা পূরণ করতে পারবে আশা করি।

উদ্যোক্তা চট্টগ্রামের প্রতিষ্ঠাতা সোনিয়া আজাদ জানান, দুদিন ব্যাপী প্রদর্শনীতে থাকবে তৈরী পোশাক, গহনা, ঘর সাজানোর আনুষঙ্গিক ও লাইফস্টাইল ব্র্যান্ডসহ বিভিন্ন পণ্যের সমাহার এবং চল্লিশটি প্রিমিয়াম ব্র্যান্ড নিয়ে আয়োজন করা হয়েছে এই প্রদর্শনী।

চসিকের ভ্রাম্যমান আদালত
নোংরা পরিবেশ ও রান্নাঘরে ছাগল জবাইয়ের অপরাধে
এমব্রোসিয়া রেস্টুরেন্টকে ৩ লক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশ এবং হোটেলের রান্না ঘরে ছাগল জবাইয়ের অপরাধে আখাবাদস্থ এমব্রোসিয়া রেস্টুরেন্টের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়।

একই অভিযানে সাগরিকা গরু বাজার তদারকি করা হয়। এই সময় ক্রেতা-বিক্রেতা উভয়কে মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব বজায় রাখা এবং ইজারাদার কর্তৃক সার্বক্ষণিকভাবে ক্রেতা-বিক্রেতাদের জন্য হাত ধোয়ার ব্যবস্থা, জীবানু নাশক স্প্রে, মাস্ক, গ্লাভস, হ্যান্ড স্যানিটাইজার রাখাসহ ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩